



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

MC
16298



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশাসন/বরিশাল-২৪১/ ২০৬২

তারিখঃ ২২/০৫/২০১৯খ্রিঃ

বিষয় : মাদ্রাসার নামকরণের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

- সূত্র :
- ১) নং- বামাশিবো/প্রশাসন/বরিশাল-২৪১/১০৮২২; তারিখঃ ১৬/০৪/২০১৯খ্রিঃ
 - ২) স্মারক- ০৫.১০.০৬০০.১১৭.৬৩.১০৫.১৮-২০৯; তারিখঃ ১১ মার্চ ২০১৯
 - ৩) নং- বামাশিবো/প্রশাসন/বরিশাল-২৪১/১০৭৬৮; তারিখঃ ২৭/০৭/২০১৮খ্রিঃ
 - ৪) নং-প্রশা/৬৪৮/১১/বরি-২৪১; তারিখঃ ০৯/০৩/২০১০খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার হিজলা উপজেলাধীন “চরদুর্গাপুর দাখিল মাদ্রাসা”র নাম পরিবর্তন করে “চরদুর্গাপুর হাছেন আলী দাখিল মাদ্রাসা” নাম বহাল রাখার জন্য মাদ্রাসার সুপার কাগজপত্রসহ আবেদন করেন। মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসাটি পাঠদানের অনুমতি প্রাপ্তির সময় মাদ্রাসার নাম “চরদুর্গাপুর হাছেন আলী দাখিল মাদ্রাসা” ছিল। পরবর্তীতে সূত্রোক্ত ৪নং স্মারকে “চরদুর্গাপুর হাছেন আলী দাখিল মাদ্রাসা” নাম পরিবর্তন করে “চরদুর্গাপুর দাখিল মাদ্রাসা” নামে নামকরণ করা হয়।

মাদ্রাসার বিদ্যমান নাম পরিবর্তন করে ব্যক্তির নামে নামকরণের বিষয়টি গুরুত্বপূর্ণ বিধায় উল্লিখিত মাদ্রাসাটি সরেজমিনে পরিদর্শন পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসক, বরিশালকে সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসক, বরিশাল সূত্রে উল্লিখিত ২নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদনে দেখা যায়, “চরদুর্গাপুর হাছেন আলী দাখিল মাদ্রাসা” নাম বহাল রাখার বিষয়ে মাদ্রাসার নির্বাহী কমিটির সকল সদস্য ও শিক্ষক-কর্মচারীদের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরিশাল ১০.০৩.২০১৯ তারিখে শুনানী গ্রহণ করেন। শুনানী দৃষ্টে মাদ্রাসাটির নাম “চরদুর্গাপুর হাছেন আলী দাখিল মাদ্রাসা” হিসেবে বহাল রাখার ব্যাপারে সকলে একমত পোষণ করেন। অন্যদিকে মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক নাম পরিবর্তন সংক্রান্ত কাগজপত্র পুনরায় বোর্ডে দাখিল করায় মাদ্রাসার নাম কেন বার বার পরিবর্তন করা হচ্ছে সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা প্রদানের জন্য মাদ্রাসার সুপারকে সূত্রোক্ত ১নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সুপার ব্যাখ্যা দাখিল করেছেন। সুপার তার ব্যাখ্যায় উল্লেখ করেন যে, মাদ্রাসা প্রতিষ্ঠা লগ্ন থেকে “চরদুর্গাপুর হাছেন আলী দাখিল মাদ্রাসা” নাম ছিল এবং এ নামেই মাদ্রাসাটি নবম শ্রেণি পাঠদানের অনুমতি প্রাপ্য হয়। মাদ্রাসার সংশ্লিষ্ট সকলে উক্ত মাদ্রাসার নাম “চরদুর্গাপুর হাছেন আলী দাখিল মাদ্রাসা” বহাল রাখার বিষয়ে একমত পোষণ করেছেন।

বর্ণিত অবস্থায় জেলা প্রশাসক কর্তৃক প্রেরিত প্রতিবেদন ও সুপারের ব্যাখ্যা অনুযায়ী প্রতিষ্ঠালগ্নে মাদ্রাসার নাম “চরদুর্গাপুর হাছেন আলী দাখিল মাদ্রাসা” থাকায় মাদ্রাসার নাম “চরদুর্গাপুর হাছেন আলী দাখিল মাদ্রাসা” হিসেবে বহাল থাকবে মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো এবং “চরদুর্গাপুর হাছেন আলী দাখিল মাদ্রাসা” নামে মাদ্রাসার যাবতীয় কার্যক্রম পরিচালনার জন্য সকলকে অনুরোধ করা হলো। এছাড়া অত্র মাদ্রাসার নাম পরিবর্তন সংক্রান্ত অত্র দপ্তরের নং-প্রশা/৬৪৮/১১/বরি-২৪১; তারিখঃ ০৯/০৩/২০১০খ্রিঃ স্মারকটি এতদ্বারা বাতিল করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, চরদুর্গাপুর হাছেন আলী দাখিল মাদ্রাসা
ডাকঃ মেমানিয়া, উপজেলাঃ হিজলা, জেলাঃ বরিশাল।

নং- বামাশিবো/প্রশাসন/বরিশাল-২৪১/ ২০৬২

তারিখঃ ২২/০৫/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. মহা-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. পরিচালক, বেনবেইজ, নীলক্ষেত, ঢাকা। (আলোচ্য মাদ্রাসা সংক্রান্ত নথিতে/ফাইলে উল্লিখিত পরিবর্তিত নাম ব্যবহারের অনুরোধসহ)
৫. জেলা প্রশাসক, বরিশাল।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (পরিবর্তিত নাম ব্যবহারের অনুরোধসহ)
৭. উপ-রেজিস্ট্রার কমন/প্রশাসন, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (পরিবর্তিত নাম ব্যবহারের অনুরোধসহ)
৮. উপজেলা নির্বাহী অফিসার, হিজলা, বরিশাল।
৯. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বরিশাল অঞ্চল বরিশাল।
১০. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (কম্পিউটার কেন্দ্রের আলোচ্য মাদ্রাসা সংক্রান্ত সকল নথিতে/ফাইলে উল্লিখিত নাম ব্যবহারের অনুরোধসহ)
১১. জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
১২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হিজলা, বরিশাল।
১৩. প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (কম্পিউটার কেন্দ্রের আলোচ্য মাদ্রাসা সংক্রান্ত সকল নথিতে/ফাইলে উল্লিখিত নাম ব্যবহারের অনুরোধসহ)
১৪. সহকারী পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, বরিশাল।
১৫. সভাপতি, চরদুর্গাপুর হাছেন আলী দাখিল মাদ্রাসা, ডাকঃ মেমানিয়া, উপজেলাঃ হিজলা, জেলাঃ বরিশাল।
১৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪